

**West Bengal State University**  
**B.A./B.Sc./B.Com. ( Honours, Major, General ) Examinations, 2013**

**PART - III**

বাংলা — সাধারণ

চতুর্থ পত্র

Duration : 3 Hours

Full Marks : 100

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমানের নির্দেশক।

উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।

১। যে কোনো দশটি শব্দের বাংলা পরিভাষা লিখুন : ১০ × ১ = ১০

Ambiguity, Antithesis, Art for art's sake, Catharsis, Comic relief, Decadence, Dirge, Epic, Fancy, Fatalism, High Comedy, Illusion, Imitation, Invocation, Local colour, Meta-fiction, Motif, Prototype, Saga, Wit.

২। যে কোনো একটি বিষয় নিয়ে অনধিক ২০০ শব্দের মধ্যে অনুচ্ছেদ রচনা করুন : ১ × ১৫ = ১৫

- ক) দুর্নীতির বিরুদ্ধে ছাত্রসমাজের ভূমিকা  
খ) গাছ বাঁচলে মানুষ বাঁচবে  
গ) একবিংশ শতাব্দীতে ইন্টারনেটের ভূমিকা।

অথবা

যে কোনো একটি বিষয় নিয়ে অনধিক ৩০০ শব্দের মধ্যে প্রবন্ধ রচনা করুন : ১ × ১৫ = ১৫

- ক) রবীন্দ্রনাথের ছোটগল্প  
খ) শরৎসাহিত্যে নারী  
গ) বাংলা পৌরাণিক নাটক।

৩। যে কোনো দুটির উদাহরণসহ সংজ্ঞা লিখুন : ২ × ৫ = ১০

লোকনিরুক্তি, অপভাষা, মূর্ধন্যীভবন, সাদৃশ্য, সুভাষণ, র-কারীভবন, জোড়কলম শব্দ।

- ৪। নিম্নলিখিত অংশটিতে আন্তর্জাতিক ধ্বনিমূলক বর্ণমালার (I.P.A.) চিহ্ন ব্যবহার করে লিপ্যন্তর করুন :

$$২০ \times \frac{১}{২} = ১০$$

‘কলেজের বাহিরে যে দেশ পড়িয়া আছে তাহার মহত্ব একেবারে ভুলিলে চলিবে না। কলেজের শিক্ষার সঙ্গে দেশের একটা স্বাভাবিক যোগস্থাপন করিতে হইবে।

অন্য দেশে সে যোগ চেষ্টা করিয়া স্থাপন করিতে হয় না। সে-সকল দেশের কলেজ দেশেরই একটা অঙ্গ—সমস্ত দেশের আভ্যন্তরিক প্রকৃতি তাহাকে গঠিত করিয়া তোলাতে দেশের সহিত কোথাও তাহার কোনো বিচ্ছেদের রেখা নাই। আমাদের কলেজের সহিত দেশের ভেদচিহ্নহীন সুন্দর, ঐক্য স্থাপিত হয় নাই।’

- ৫। মোবাইল টাওয়ার থেকে মানুষ, পশুপাখি ও পরিবেশের ক্ষতি ও প্রতিকার বিষয়ে একজন বিজ্ঞানীর সঙ্গে একজন সাংবাদিকের সাক্ষাৎকার লিপিবদ্ধ করুন। ১৫

অথবা

শব্দবাজার দাপটে কীভাবে জনজীবন বিপর্যস্ত হচ্ছে সে বিষয়ে সংবাদপত্রে প্রকাশের উপযোগী একটি প্রতিবেদন (রিপোর্ট) রচনা করুন। ১৫

- ৬। আপনার মহাবিদ্যালয়ে আর্সেনিক মুক্ত জলের জন্য নলকূপ বসাতে চেয়ে স্থানীয় পৌরপিতা বা পঞ্চায়েত প্রধানের কাছে একটি আবেদনপত্র রচনা করুন। ১৫

অথবা

উত্তর কলকাতায় একটি দ্বিতল বাড়ি বিক্রয়ের জন্য সংবাদপত্রে প্রকাশযোগ্য একটি বিজ্ঞাপন রচনা করুন। ১৫

- ৭। নিম্নলিখিত যে কোনো একটি অনুচ্ছেদ বাংলায় অনুবাদ করুন। ১৫

Napoleon was finally defeated on 18 June, 1815, ending 23 years of recurrent warfare between France and the other European powers. The battle was fought near Waterloo between Napoleon's troops and the combined forces of the Duke of Wellington's army and Prussian troops. These are actual historical facts which can be verified, but the comparative estimate of two literary texts is a matter of taste and there cannot be any ultimate answer here.

অথবা

The Hindu Code Law was duly passed but it did not provide beleaguered women respite from the violence. That gripped their lives. Even now, thanks to a disgraceful social practice, many women lead lives of anguish, often finding respite only in death. The name of this practice is dowry and many women irrespective of whether they are poor or rich, are its hunted victims. The law prohibiting such practices had been passed much earlier in the Lok Sabha.

( শুধুমাত্র দৃষ্টিহীনদের জন্য )

- ৮। (ক) নীচের বানানগুলি সংশোধন করুন : ১০ × ১ = ১০

মূল্যায়ণ, ব্যাবসায়ী, মমতা, প্রতিযোগিতা, মূমুর্ষু, বিদ্যান, অদ্ভুত, পৈসাচিক, বিবমিসা, ভৌগলিক।

অথবা

( এই অংশটি প্রশ্নপত্র থেকে আলাদা করুন এবং উত্তর পত্রের সঙ্গে যুক্ত করুন )

(খ) রোল নং .....

বিষয় .....

নিম্নলিখিত কপিটি দেখে প্রফ কপিটি সংশোধন করুন (যে কোনো কুড়িটি) (পশ্চিমবঙ্গ বাংলা আকাদেমির বানান বিধি অনুসারে)। মূল কপি ও সংশোধিত প্রফ কপি উত্তর পত্রে অবশ্যই যুক্ত করতে হবে। পরীক্ষার্থীর রোল নম্বর অবশ্যই নির্দেশিত স্থানে লিখতে হবে।

$$২০ \times \frac{১}{২} = ১০$$

( পাণ্ডুলিপি )

যখন মানুষ সবে কথা বলতে শিখেছে, আগুন ব্যবহার করতে শিখেছে, সেই সুদূর অতীতকালে মানুষ কেবল দুটি সংখ্যা জানত। এক আর দুই। আর, গোনবার জিনিসের সংখ্যা যদি দুয়ের বেশি হত, তবে শ্রেফ “অনেক” বলে দিত। আকাশের তারাও ছিল অনেক আর হাতের আঙুলও ছিল অনেক। এমন সব উপজাতি আছে, যাদের কাছে তিন অবধি গোনা এক কঠিন কাজ। এও আমরা জানি যে শিশুরা এক-দুই কি তা বুঝতে পারার পরেও তিন অবধি গুনতে বেশ কিছু সময় নেয়।

প্রথম দুই সংখ্যার পরে ক্রমে ক্রমে নতুন নতুন সংখ্যা এল। মানুষ পাঁচ অবধি গুনতে শিখল, দুটো পাঁচ যোগ করে দশ করতে শিখল। খোদ প্রকৃতি মানুষকে যে যন্ত্র দিয়েছে, সেই দশ আঙুলওয়ালা হাত এ কাজে সাহায্য করেছিল।

প্রফ সংশোধন করুন (প্রফ কপি)

যখন মানুষ সবে কথা বলতে শিখেছে, আগুন ব্যবহার করতে শিখেছে, সেই সুদূর অতীতকালে মানুষ কেবল দুটি সংখ্যা জানতো। ১ আর দুই। আর, গোনবার জিনিসের সংখ্যা যদি দুয়ের বেশী হত, তবে শ্রেফ “অনেক” বলে দিত অনেক।

এমন সব উপজাতি আছে, যাদের কাছে ন অবধি গোনা এক কঠিন কাজ। এও আমরা জানি যে শিশুরা এক-দুই কিতা বুঝতে পারার পরেও তিন অবধি গুনতে বেশ কিছু সময় নেয়। প্রথম দুই সংখ্যার পরে ক্রমে ক্রমে নতুন নতুন সংখ্যা এল। মানুষ পাঁচ অবধি গুনতে শিখল, দুটো পাঁচ যোগ করে দশ করতে শিখল। খোদ প্রকৃতি মানুষকে যে যন্ত্র দিয়েছে, সেই দশ আঙুলওয়ালা হাত-এ কাজে সাহায্য করেছিল।